গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৫-৮৮৬ তারিখঃ ১৪-১১-২০১৬

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৭-১০-২০১৬ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (সেপ্টেম্বর/২০১৬ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৭-১০-২০১৬ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (সেপ্টেম্বর/২০১৬পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরনী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন অক্টোবর,২০১৬ মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে তা আগামী ২০-১১-২০১৬ তারিখের মধ্যে অধিদপ্তরে হার্ড কপি ও সফট কপি (ই-মেইলেঃ anarul@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৮ (আট) পাতা।

১৪/১১/১৬
(আনারুল কবির)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: anarul@gmail.com

**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

০১। প্রধান (গবেষণা ও উন্নয়ন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০২। উপ-পরিচালক (পিপি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০৩। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্রগ্রাম/সিলেট/বরিশাল বিভাগ।
০৪। প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট।
০৫। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
০৬। উপ-প্রকল্প পরিচালক, মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), কুষ্টিয়া।
০৭। কর্মসূচী পরিচালক, বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী, রংপুর।
০৮।সহকারী পরিচালক (প্রশাঃ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২৭-১০-২০১৬ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (সেপ্টেম্বর/২০১৬ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |
| সময় | : | সকাল ০৯.৩০ ঘটিকা। |
| তারিখ | : | ২৭ অক্টোবর, ২০১৬ খ্রিঃ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট-'ক' । |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**আলোচনাঃ**

**১। আলোচ্য বিষয়-১:** ২৯-০৯-২০১৬ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ২৯-০৯-২০১৬ তারিখে অনুষ্ঠিত আগষ্ট, ২০১৬ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ২৯-০৯-২০১৬ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২:** ২৯-০৯-২০১৬ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা।

গত ২৯-০৯-২০১৬ তারিখে অনুষ্ঠিত আগষ্ট,২০১৬ সময়ের এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে উপ-পরিচালক (পিপি) সভাকে অবহিত করেন যে, ২০১৫-২০১৬ অর্থ বছরের সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রস্তাবিত **"কৃষি পণ্য প্রক্রিয়াকরণ, বাজার সংযোগ ও মূল্য সংযোজন সহায়ক"** শীর্ষক প্রকল্পের ক্ষেত্রে মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী পেরিফেরিভুক্ত উপজেলাসমূহ অন্তর্ভূক্তির বিষয়টি প্রকল্পে ফিজিবিলিটি ষ্টাডি প্রতিবেদন পাওয়ার পরে সম্পন্ন করা হবে। সভাপতি দ্রুত সময়ের মধ্যে রিপোর্ট সম্পন্ন করার জন্য ইতোপূর্বে গঠিত ফিজিবিলিটি কমিটিকে পুনরায় নির্দেশনা প্রদান করেন। সভাকে আরো অবহিত করা হয় যে, অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে নিজস্ব স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্পভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তির বিষয়ে ছক অনুযায়ী তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট ডিএমও/ডিএমআইগণকে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি সংশ্লিষ্ট বিভাগীয় সংশ্লিষ্ট উপ-পরিচালকগণকে বিষয়টি মনিটরিং করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। এছাড়া অধিদপ্তরের সকল ট্রেনিং সেন্টারের ভাড়া ও সার্ভিস চার্জ সংশোধিত নির্দেশিকা অনুযায়ী আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।

উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি সভাকে অবহিত করেন যে, ঝিনাইদহ জেলার শৈলকূপা উপজেলার গাড়াগঞ্জে ইতোমধ্যে কৃষকদল গঠন, গুদাম পরিচালনা কমিটি ও গুদাম উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে। ব্যাংক ঋণের বিষয়ে স্থানীয় সোনালী ব্যাংকের সাথে গুদাম পরিচালনা কমিটির সদস্যদের মতবিনিময় করানো হয়েছে। শস্য জমা রাখার বিপরীতে ব্যাংক ঋণের আবেদন করলে ঋণ প্রদানের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক জানানো হয়েছে । ঝিনাইদহ জেলার ডাক বাংলা বাজারে গঠিত গুদাম কমিটি ভেঙ্গে ফেলার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। দ্বিতীয় কিস্তির অর্থ প্রাপ্তির পর Packaging, Sorting, Grading এর প্রচার-প্রচারণার নিমিত্ত

ট্রেনিং সেন্টারের ডিসপ্লে রুমে ব্যানার, ফেস্টুন, ডিসপ্লে বোর্ড ইত্যাদি প্রদর্শনের উদ্যোগ গ্রহণ করা হবে মর্মে উপ-প্রকল্প পরিচালক জানিয়েছেন। প্রকল্পের PCR প্রস্তুত করার কার্যক্রম সময়মত শুরু করা হবে মর্মে উপ-প্রকল্প পরিচালক জানিয়েছেন। সভাপতি PCR প্রস্তুতির কার্যক্রম আগে ভাগে শুরু করার পরামর্শ দেন যাতে করে প্রকল্প সমাপ্তির পর পর তা সম্পন্ন করা যায়।

পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্রকল্পের প্রকল্প পরিচালক পূর্বনির্ধারিত সময় ও বিনা নোটিশে মাসিক এডিপি সভায় উপস্থিত থাকায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। প্রকল্প পরিচালকের পক্ষে সহকারী পরিচালক সভাকে জানান যে, ২০১৫-১৬ অর্থবছরে নির্মিত এসেম্বল সেন্টারের অসমাপ্ত নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করে উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এসেম্বল সেন্টারগুলোতে সাপ্তাহিক বাজারের পাশাপাশি দৈনিক বাজার চালু করার ব্যবস্থা গ্রহণ করা সম্পর্কিত একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী সভার পূর্বে দাখিল করা হবে। ২০১৬-১৭ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ, মোটিভেশনাল ট্যুর, ওয়ার্কশপ ও অন্যান্য কাজ মার্চ, ২০১৭ এর মধ্যে ১০০% সম্পন্ন করা হবে। প্রকল্পের PCR প্রস্তুত করার কার্যক্রম দ্রুত শুরু করা হবে মর্মে সহকারী পরিচালক জানিয়েছেন।

সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ)-এর প্রকল্প পরিচালক (অঃ দাঃ) সভাকে অবহিত করেন যে, কৃষি বিপণন অধিদপ্তর-এর মহাপরিচালক এবং এলজিইডি'র সুপারেন্টেন্ডেন্ট ইঞ্জিনিয়ার-এর সঙ্গে গত ১৯/১০/২০১৬ তারিখে এসেম্বল সেন্টারের নির্মাণ বিষয়ক সভায় আলোচনা মতে নির্মাণ কাজ জরুরী ভিত্তিতে শুরু করার বিষয়ে এলজিইডি একমত হয়েছে। ২০/১০/২০১৬ তারিখে স্থপতি অধিদপ্তরের সিনিয়র সহকারী স্থপতি-এর হয়েছে।ট্রেনিং সেন্টাএরের ড্রইং ডিজাইন দ্রুত সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। সভাপতি সকল টেন্ডার দ্রুত আহ্বান করা এবং আহ্বানকৃত টেন্ডারের মূল্যায়ন কার্যক্রম জরুরীভিত্তিতে সম্পন্ন করে কার্যাদেশ পুদানের বিষয়ে পুনরায় নিদের্শনা দেন।

এনসিডিপি বাজার বিষয়ে উপ-পরিচালক, রাজশাহী পূর্বনির্ধারিত সময় মাসিক এডিপি সভায় উপস্থিত না থাকায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। তার পক্ষে উপ-পরিচালক (পিপি) সভায় জানান যে, সমাপ্ত এফএমজি কর্মসূচীর আওতায় যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছিল তার পূর্ণাঙ্গ ব্যবহার নিশ্চিত করার বিষয়টি তদারকী এবং জেলা বাজার কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন অব্যাহত রয়েছে। ইতোমধ্যে উল্লেখযোগ্য সংখ্যক মার্কেট চালু হয়েছে এবং আরো কিছু মার্কেট সত্বরই চালু হবে মর্মে তিনি সভাকে জানান। অবিতরণকৃত ১০টি ভ্যানের মধ্যে জয়পুরহাট জেলার ০৪টি ভ্যান খুব শীঘ্রই বিতরণ হবে বলে জেলা বাজার কর্মকর্তা, জয়পুরহাট জানিয়েছেন। রংপুরের মাহিগঞ্জ ও ট্রাক টার্মিনালের এনসিডিপি মার্কেটের সমস্যা ও সমাধানের প্রয়োজনীয়তা নিরুপণ করে আগামী সভার পূর্বে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করার বিষয়ে সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা রংপুরকে পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।

"বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী"এর কর্মসূচী পরিচালক –এর অনুপস্থিতিতে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা সহকারী পরিচালক জনাব তৌহিদ মোঃ রাশেদ খান সভায় জানান যে, আলুর মডেল ঘর বিষয়ে কিছু স্থিরচিত্র প্রেরণ করা হয়েছে এবং সময় সাপেক্ষ হওয়ায় ভিডিও চিত্র আগামী সভায় উপস্থাপন করা হবে।২০১৫-২০১৬ অর্থ বছরে নির্মিত ১০ টি এবং ২০১৬-১৭ অর্থবছরে নির্মিতব্য ২০ টি ঘরে আলু সংরক্ষণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ২০১৫-২০১৬ অর্থবছরে নির্মিত ১০ টি মডেল ঘরের সংশ্লিষ্ট উপজেলায় ২০ টি কৃষক বিপণন দল গঠন করা হয়েছে।কিছু যাচাই-বাছাই ও যথাযথ অনুমোদন প্রক্রিয়ার পর সদর দপ্তরে প্রেরণ করা হবে।২০১৬-২০১৭ অর্থবছরে নির্মিতব্য ২০ টি মডেল ঘরের সংশ্লিষ্ট উপজেলায় ৪০ টি কৃষক বিপণন দল গঠন কার্যক্রম অব্যাহত আছে।২০১৬-১৭ অর্থ বছরে ১ম কিস্তির অর্থ ছাড় হয়েছে। প্রর্দশনী বোর্ড তৈরী ও স্থাপনের কার্যক্রম গ্রহণ চলমান আছে মর্মে জানিয়েছেন।২০১৬-১৭ অর্থবছরে বাজেট প্রাপ্তি সাপেক্ষে স্থানীয় ব্যবসায়ী এবং গৃহিণীদের অংশ গ্রহণে টিওটি প্রশিক্ষণের আয়োজন করা হবে।

বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আরও তৎপর হওয়ার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন এবং পূর্ববর্তী সভার যে সকল সিদ্ধান্ত এখন পর্যন্ত বাস্তবায়িত হয়নি সেগুলো বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে তাগিদ দেওয়া হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ২.১ | পূর্ববর্তী সকল সভার যে সমস্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়নি তা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণসহ যে সকল সিদ্ধান্ত বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

**৩। আলোচ্য বিষয়-৩:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

**৩.১:** সভাকে অবহিত করা হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে এডিপিতে ৩টি বিনিয়োগ প্রকল্পের অনুকূলে মোট ৭৩৭.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। ৩টি প্রকল্পের ১ম কিস্তি বাবদ মোট ১৮৪.২৫ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে। উক্ত বরাদ্দের বিপরীতে সেপ্টেম্বর/২০১৬ পর্যন্ত সর্বমোট ৭৭.৫৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ১০.৫৩%। এছাড়াও "বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী" আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে ২৩.০০ লক্ষ টাকা বরাদ্দ এর বিপরীতে ৫.৭৫ লক্ষ টাকা ছাড় করা হলেও কোন অর্থ ব্যয় হয়নি।

**৩.২ ২০১৫-২০১৬ এর আরএডিপি'র সবুজ পাতায়** অর্ন্তভূক্ত প্রস্তাবিত **"কৃষি পণ্য প্রক্রিয়াকরণ, বাজার সংযোগ ও মূল্য সংযোজন সহায়ক"** শীর্ষক প্রকল্পের জন্য ফিজিবিলিটি স্টাডি প্রতিবেদন জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য সভাপতি মহোদয় ফিজিবিলিটি স্টাডি কমিটিকে পুনরায় নির্দেশ প্রদান করেন। অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে নিজস্ব স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত সবুজ পাতায় প্রকল্পভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তির বিষয়ে বিভাগীয় উপ-পরিচালকগণ কর্তৃক সংশ্লিষ্ট ডিএমও/ডিএমআইগণকে দিকনির্দেশনা ও টেলিফোনে যোগাযোগ অব্যাহত রাখতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া যেসকল ডিএমও/ডিএমআইগণ নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান করবেন না সভাপতি তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.২.১** | ২০১৫-২০১৬ অর্থ বছরের সবুজ পাতায় অর্ন্তভূক্ত প্রস্তাবিত **"কৃষি পণ্য প্রক্রিয়াকরণ, বাজার সংযোগ ও মূল্য সংযোজন সহায়ক "** শীর্ষক প্রকল্পের জন্য গঠিত যাচাই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পেরিফেরিভূক্ত উপ-জেলা গুলোকে অন্তর্ভূক্ত এবং ফিজিবিলিটি ষ্টাডি প্রতিবেদন সংযুক্ত করে দ্রুত সময়ের মধ্যে DPP টি মন্ত্রনালয়ে প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (পিপি) ও আহ্বায়ক প্রকল্পের ফিজিবিলিটি কমিটি |
| **৩.২.২** | অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত সবুজ পাতায় প্রকল্প ভূক্ত জেলাসমূহে (জেলা সদর ছাড়াও নিকটবর্তী উপজেলা) জমি প্রাপ্তির বিষয়ে তথ্য প্রদান এবং নুতন প্রকল্পের জন্য চাহিত তথ্য জরুরী ভিত্তিতে প্রেরণের নিমিত্ত বিভাগীয় উপ-পরিচালকগণ কর্তৃক সংশ্লিষ্ট ডিএমও/ডিএমআইগণকে দিকনির্দেশনা প্রদান করবেন। যে সকল ডিএমও/ডিএমআইগণ নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান করবেননা তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক |

**৩.৩: মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন (১ম সংশোধিত) (ডিএএম অংশ) প্রকল্পের** অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে এডিপি অনুযায়ী মোট বরাদ্দ ১১৮.০০ লক্ষ টাকার বিপরীতে টাকার বিপরীতে ১ম কিস্তি বাবদ মোট ২৯.৫০ লক্ষ টাকা ছাড় হয়েছে। সেপ্টেম্বর,২০১৬ পর্যন্ত ১৪.৬৬ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ১২.৪২ %। উপ-প্রকল্প পরিচালক (এমআইএডিপি) সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় সংস্কারকৃত শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রুত চালু করার নিমিত্ত কৃষক দল গঠন ও স্থানীয় ব্যাংকের সাথে লিংকেজ স্থাপনের মাধ্যমে ব্যাংক ঋণ অনুমোদনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রকল্প কার্যক্রমে সার্বিক সহোযোগীতা না করায় বিভাগীয়

| | | |
|---|---|---|
| | সভায়ভায়সংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন উপস্থাপন করতে হবে। সমাপ্তকৃত এসেম্বল সেন্টার স্থানীয় প্রশাসন/উপজেলা নির্বাহী কর্মকর্তা/বিভাগীয় উপ-পরিচালক-কে দিয়ে উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এসেম্বল সেন্টারগুলোতে সাপ্তাহিক বাজারের পাশাপাশি দৈনিক বাজার চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ৩.৪.২ | ২০১৬-১৭ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ, মোটিভেশনাল ট্যুর, ওয়ার্কশপ ও অন্যান্য কাজ মার্চ, ২০১৭ এর মধ্যে ১০০% সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক<br>পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৪.৩ | প্রকল্পের PCR প্রস্তুত করার কার্যক্রম দ্রুত শুরু করতে হবে। | প্রকল্প পরিচালক<br>পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |

৩.৫: **"সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের** অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে এডিপি অনুযায়ী মোট বরাদ্দ ৩৩৪.০০ লক্ষ টাকার বিপরীতে কিস্তি বাবদ মোট ৮৩.৫০ লক্ষ টাকা ছাড় হয়েছে। সেপ্টেম্বর, ২০১৬ পর্যন্ত ২৮.৩২ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৮.৪৮%। প্রকল্পের আওতায় মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শুরু করার জন্য তাগিদপত্র দান অব্যাহত রাখতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মানের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে এবং মাসিক সভার সিদ্ধানের বিষয়টি স্থাপত্য অধিদপ্তর কে জানাতে হবে। প্রকল্পের সার্ভে ও ডকুমেন্টারী প্রস্তুত করার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে সভাপতি তাগিদ দেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৫.১ | প্রকল্পের আওতায় মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শুরু করার জন্য এলজিইডিকে তাগিদ প্রদান অব্যাহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক,<br>সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প |
| ৩.৫.২ | সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণের বিষয়ে দ্রুত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক,<br>সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প |
| ৩.৫.৪ | প্রকল্পের সার্ভে ও ডকুমেন্টারী প্রস্তুত করার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক,<br>সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প |

৩.৬: **এনসিডিপি বাজারের হালনাগাদ পরিস্থিতি বিষয়ে** উপ-পরিচালক পূর্বনির্ধারিত সময় মাসিক এডিপি সভায় উপস্থিত না থাকায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। রাজশাহী, নাটোর, রংপুর, নওগাঁ ও নীলফামারী জেলার ১৬টি এনসিডিপি'র বন্ধ মার্কেটসমূহ কার্যকরভাবে চালুকরণের জন্য আরো উদ্যোগ গ্রহন করার জন্য সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। বন্ধ এনসিডিপি মার্কেট সমূহ চালু করতে কি কি করনীয় তার সুপারিশসহ মন্ত্রণালয়ে প্রেরণযোগ্য একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দ্রুত সময়ে পেশ করার জন্য সভায় পুনরায় নির্দেশনা প্রদান করেন। এছাড়া যে মার্কেটগুলো আদৌ চালু হবেনা সে বিষয়ে একটি বিস্তারিত প্রতিবেদন দাখিল ও এগুলো ব্যবহারের মোডালিটি নির্ধারনের জন্য পরামর্শ প্রদান করা হয়। এছাড়া মাহিগঞ্জের এনসিডিপি মার্কেটের সমস্যা ও সমাধানের প্রয়োজনীয়তা নিরুপণ করে একটি প্রতিবেদন দাখিল করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। কর্মসূচী চলাকালীন সময়ে বিতরণকৃত ভ্যান-এর কিস্তি নিয়মিত আদায় এবং অবক্রিত ভ্যান গুলো মেরামত করে বিতরনের ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এফএমজি কর্মসূচী সমাপ্ত হওয়ার সময়ে যে সকল নির্দেশনা প্রদান করা হয়েছে তা সঠিকভাবে বাস্তবায়ন হচ্ছে কিনা তা আগামী সভার পূর্বে একটি প্রতিবেদন পেশ করতে এবং অবিতরণকৃত ভ্যান বিতরণে করণীয় নির্ধারন করে বাস্তবসম্মত প্রতিবেদন প্রদান করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। রংপুরের মাহিগঞ্জ ও ট্রাক টার্মিনালের এনসিডিপি

মার্কেটের সমস্যা ও সমাধানের প্রয়োজনীয়তা নিরুপণ করে আগামী সভার পূর্বে একটি প্রতিবেদন দাখিল করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.৬.১** | সমাপ্ত এফএমজি কর্মসূচীর আওতায় যে সকল কার্যক্রম (ভ্যান বিতরণ, ব্যানার ইত্যাদি) গ্রহণ করা হয়েছিল তার পূর্ণাঙ্গ ব্যবহার নিশ্চিত করার বিষয়টি বিভাগীয় উপ-পরিচালক তদারকী করবেন এবং জেলা বাজার কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন করবেন। এছাড়া অবিতরণকৃত ভ্যান বিতরণে করণীয় নির্ধারন করে বাস্তবসম্মত প্রতিবেদন প্রদান করতে হবে। | বিভাগীয় উপ- পরিচালক রাজশাহী। |
| **৩.৬.২** | ক) বন্ধ এনসিডিপি মার্কেট সমূহ চালু করণের বিষয়ে কর্মপন্থা নির্ধারণসহ মন্ত্রণালয়ে প্রেরণযোগ্য একটি পুর্ণাঙ্গ প্রতিবেদন প্রধান (গবেষণা ও উন্নয়ন) ও বিভাগীয় উপ-পরিচালক, রাজশাহী পৃথক পৃথকভাবে দ্রুত সময়ে উপস্থাপন করবেন।<br>খ) যে মার্কেটগুলো আদৌ চালু হবেনা সেগুলি বিকল্প ব্যবহারের বিষয়ে মতামতসহ একটি বিস্তারিত প্রতিবেদন দাখিল করতে হবে। | প্রধান (গবেষণা ও উন্নয়ন)<br>ও<br>বিভাগীয় উপ-পরিচালক রাজশাহী |
| **৩.৬.৩** | কর্মসূচী চলাকালীন সময়ে বিতরণকৃত ভ্যান-এর কিস্তি নিয়মিত আদায় এবং অবক্রিত ভ্যান গুলো দ্রুত বিতরনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় উপ- পরিচালক রাজশাহী |
| **৩.৬.৪** | রংপুরের মাহিগঞ্জ ও ট্রাক টার্মিনালের এনসিডিপি মার্কেটের সমস্যা ও সমাধানের প্রয়োজনীয়তা নিরুপণ করে আগামী সভার পূর্বে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করতে হবে। | সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা রংপুর |

৩.৭: **"বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী"** বিষয়ে কর্মসূচী পরিচালক-এর অনুপস্থিতিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সহকারী পরিচালক জনাব তৌহিদ মোঃ রাশেদ খান সভাকে অবহিত করেন যে, ২০১৬-১৭ অর্থ বছরে মোট বরাদ্দ ২৩.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম কিস্তি বাবদ মোট ৫.৭৫ লক্ষ টাকা ছাড় হয়েছে। সেপ্টেম্বর, ২০১৬ পর্যন্ত কোন টাকা ব্যয় করা হযনি। ১০ টি উপ-জেলায় যে ১০টি আলুর মডেল ঘর তৈরী করা হয়েছে তার ভিডিও চিত্র আগামী ADP সভায় প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি পুনরায় নির্দেশ প্রদান করেন। যে সকল এলাকায় আলুর ঘর তৈরী করা হবে উক্ত ঘরের উদ্দেশ্য, লক্ষ্য ও উপকারিতা উল্লেখ পূর্বক একটি প্রদশর্নী বোর্ড স্থাপন এবং উক্ত প্রদশর্নী বোর্ড এর লেখনির খসড়া সদর দপ্তরে প্রেরণ করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। ২০১৬-১৭ অর্থবছরে মুন্সিগঞ্জ জেলায় ০৫টি এবং রংপুর ও রাজশাহী অঞ্চলে ১৫টি আলুর মডেল ঘর তৈরীর নিমিত্ত দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে এবং (১০+২০)টি=৩০টি আলুর ঘরে আগামী মৌসুমে আলু সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও উক্ত এলাকায় গঠিত কৃষক বিপণন দলকে করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। কর্মসূচীর কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক মনিটরিং প্রতিবেদন আগামী সভার পূর্বে এবং স্ব-স্ব সদস্যগণ কমপক্ষে ০২ টি আলুরঘর এর পরিদর্শনের প্রতিবেদন আগামী ২০শে নভেম্বর,২০১৬ মধ্যে প্রেরণ করতে হবে। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.৭.১** | নির্বাচিত ১০ টি উপ-জেলায় যে ১০টি আলুর মডেল ঘর তৈরী করা হয়েছে তার ভিডিও চিত্র আগামী ADP সভায় প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| **৩.৭.২** | ২০১৬-১৭ অর্থবছরে মুন্সিগঞ্জ জেলায় ০৫টি এবং রংপুর ও রাজশাহী অঞ্চলে ১৫টি আলুর মডেল ঘর তৈরীর নিমিত্ত দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে এবং (১০+২০)টি=৩০টি আলুর ঘরে আগামী মৌসুমে আলু | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন |

| | | |
|---|---|---|
| | সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কার্যক্রম কর্মসূচী |
| ৩.৭.৩ | কর্মসূচীর আওতায় যে কৃষক বিপণন দল ইতোমধ্যে গঠন করা হয়েছে ও ভবিষ্যতে হবে তার তথ্য পূর্বের প্রেরিত ছক মোতাবেক সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৩.৭.৪ | যে সকল এলাকায় আলুর ঘর তৈরী করা হবে উক্ত ঘরের উদ্দেশ্য, লক্ষ্য ও উপকারিতা উল্লেখ পূর্বক একটি প্রদশর্নী বোর্ড লাগাতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৩.৭.৫ | কর্মসূচীর কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক মনিটরিং প্রতিবেদন আগামী সভার পূর্বে এবং স্ব-স্ব সদস্যগণ কর্তৃক কমপক্ষে ০২ টি আলুরঘর পরিদর্শনের প্রতিবেদন আগামী ২০শে নভেম্বর,২০১৬ মধ্যে প্রেরণ করতে হবে। | আহ্বায়ক কর্মসূচী মনিটরিং টীম |
| ৩.৭.৬ | কর্মসূচীর আওতায় টিওটি প্রশিক্ষণে স্থানীয় ব্যবসায়ী এবং গৃহিণীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |

**৩.৮: দরপত্রের অগ্রগতি বিষয়ে আলোচনাঃ** সচিব কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সকল প্রকল্পের টেন্ডারিং কার্যক্রম ডিসেম্বর, ২০১৬ এর মধ্যে ই-সেবার আওতায় আনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রকল্পের নির্মাণ কাজের সময় গণপূর্ত অধিদপ্তরকে নির্মাণ কাজটি ই-টেন্ডারিং এর মাধ্যমে করার জন্য অনুরোধ করতে হবে।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৮.১ | ২০১৬-১৭ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল দরপত্র বিশেষ করে নির্মাণ কাজের টেন্ডারসমূহ ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সংস্থাকে অনুরোধ জানাতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৩.৮.২ | সচিব কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সকল প্রকল্পের টেন্ডারিং কার্যক্রম ডিসেম্বর,২০১৬ এর মধ্যে ই-সেবার আওতায় আনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |

**৪-বিবিধঃ** প্রত্যেক প্রকল্প পরিচালক কর্তৃক সভার কার্যবিবরণী অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিত ভাবে মহাপরিচালক বরাবর অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করার জন্য সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।

বাংলাদেশের চলমান কৃষি উন্নয়ন কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখা এবং তা আরও গতিশীল করে বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের হার ৯৯.৫০ শতাংশের উপরে নিয়ে যাবার জন্য মাননীয় কৃষি মন্ত্রীর নির্দেশনামতে বরাদ্দকৃত অর্থর যথোপযুক্ত ও সময়ানুগ ব্যবহার নিশ্চিত করার জরুরী পদক্ষেপ নিতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। নরসিংদী জেলা বাজার কার্যক্রমের যাবতীয় অনিয়ম এর উপর বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে উপ-পরিচালক,ঢাকাকে সভাপতি নির্দেশনা প্রদান করেন। সমাপ্ত প্রকল্প/কর্মসূচীর আওতায় যে সকল স্থাপনা, পণ্য ,সংস্কার মূলক কার্যক্রম ও কৃষক দল গঠন করা হয়েছে তার পূর্ণাঙ্গ ব্যবহার ও তদারকী নিশ্চিত করার জন্য সভাপতি পুনরায় তাগিদ প্রদান করেন। এসকল বিষয় বিভাগীয় উপ-পরিচালকগণ তদারকী করবেন এবং জেলা বাজার কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন করবেন মর্মে নির্দেশনা দেয়া হয়। সভায় উল্লেখ করা হয় যে, অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের জন্য প্রকল্প/কর্মসূচীর আওতায় গঠিত কৃষক বিপণন দল এর সম্পূর্ণ তথ্য এখনও পাওয়া যায়নি। সভাপতি যে সকল প্রকল্প/কর্মসূচী হতে এখনও তথ্য

পাওয়া যায়নি তাদেরকে দ্রুত তথ্য প্রেরণের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। প্রকল্পের আওতায় যে সকল ট্রেনিং সেন্টার নির্মাণ করা হয়েছে উক্ত স্থাপনা সমূহ সুষ্ঠুভাবে চালু কারার জন্য ব্যাপক প্রচার প্রচারণার কার্যক্রম চালাতে হবে। ট্রেনিং সেন্টার এর মেশিনারী গুলো কিভাবে চালু করা যায় তার একটি নীতিমালা তৈরী করার জন্য বিভাগীয় উপ-পরিচালকগণকে নির্দেশন প্রদান করা। অধিদপ্তরের মেকানিকদের কে উক্ত স্থাপনার সাথে সংযুক্ত করতে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। এ ছাড়া সরকারী নির্দেশনা অনুযায়ী ই-ফাইলিং চালু করার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি দ্রুত সময়ের মধ্যে ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন কর্মসূচীর কার্যক্রমে সচ্ছতা ও জবাব দিহিতা আনাসহ আগামী ডিসেম্বর,২০১৬ মধ্যে কর্মসূচীর অগ্রগতি ৫০% সম্পন্ন করতে হবে এবং ১ম কিস্তির অগ্রগতি না হওয়ার কারণ ব্যাখ্য করতে কর্মসূচী পরিচালককে পত্র দিতে সভাপতি নির্দেশ প্রদান করেন।

২০১৬-১৭ অর্থ বছরের APA চুক্তি অনুযায়ী ১ম ত্রৈমাসিক অগ্রগতির কাঙ্ক্ষিত পর্যায়ে না হওয়ায় কারণ জানতে সকল বিভাগীয় উপ-পরিচালক/প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালককে পত্র দিতে হবে।আগামী ডিসেম্বর,২০১৬ এর মধ্যে APA চুক্তি অনুযায়ী আবশ্যকভাবে ৫০% অগ্রগতি সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে কোন ব্যার্থতা হলে তার বিরুদ্ধে বিভাগীয় কার্যক্রম গ্রহণ করতে সভাপতি নির্দেশ প্রদান করেন। মাসিক এডিপি সভায় প্রত্যেক সদস্য এবং সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালক, প্রকল্প পরিচালক এবং কর্মসূচী পরিচালককে বিনাব্যর্থতায় উপস্থিত থাকতে হবে। অন্যথায় পূর্ব অনুমতি নিয়ে কর্মকর্তাকে প্রেরণ করার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের হার ৯৯.৫০ শতাংশের উপরে নিয়ে যাবার জন্য মাননীয় কৃষি মন্ত্রীর নির্দেশনামতে বরাদ্দকৃত অর্থের যথোপযুক্ত ও সময়ানুগ ব্যবহার নিশ্চিত করার জরুরী পদক্ষেপ নিতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৪.২ | নরসিংদী জেলা বাজার অনুসন্ধানকারীর কার্যক্রমের যাবতীয় অনিয়ম এর উপর বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক, ঢাকা |
| ৪.৩ | অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন কর্মসূচীর কার্যক্রমে সচ্ছতা ও জবাব দিহিতা আনাসহ আগামী ডিসেম্বর,২০১৬ মধ্যে কর্মসূচীর অগ্রগতি ৫০% সম্পন্ন করতে হবে এবং ১ম কিস্তির অগ্রগতি কম হওয়ার বিষয়ে কারণ জানতে চেয়ে কর্মসূচী পরিচালককে পত্র দিতে হবে। | উপ- পরিচালক (পিপি) ও কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৪.৪ | ২০১৬-১৭ অর্থ বছরের APA চুক্তি অনুযায়ী ১ম ত্রৈমাসিক অগ্রগতির কাঙ্ক্ষিত পর্যায়ে না হওয়ায় কারণ জানতে সকল বিভাগীয় উপ-পরিচালক,প্রকল্প পরিচালকগণ এবং কর্মসূচী পরিচালককে পত্র দিতে হবে। | উপ- পরিচালক (পিপি) |
| ৪.৫ | আগামী ডিসেম্বর,২০১৬ এর মধ্যে APA চুক্তি অনুযায়ী আবশ্যকভাবে ৫০% অগ্রগতি সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে কোন ব্যার্থতা হলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ- পরিচালক (পিপি) |
| ৪.৬ | মাসিক এডিপি সভায় প্রত্যেক সদস্য এবং সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালক, প্রকল্প পরিচালক এবং কর্মসূচী পরিচালককে বিনাব্যর্থতায় উপস্থিত থাকতে হবে। অন্যথায় পূর্ব অনুমতি নিয়ে উপযুক্ত কর্মকর্তাকে প্রেরণ করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সকল প্রকল্প পরিচালক ও কর্মসূচী পরিচালক |
| ৪.৭ | সমাপ্ত প্রকল্প/কর্মসূচীর আওতায় যে সকল স্থাপনা নির্মাণ, পণ্য সংগ্রহ সংস্কার মূলক কার্যক্রম গ্রহণ ও কৃষক দল গঠণ করা হয়েছে তার পুর্ণাঙ্গ ব্যবহার ও তদারকী নিশ্চিত করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সকল প্রকল্প পরিচালক |

| | | |
|---|---|---|
| ৪.৮ | যে সকল প্রকল্প ও কর্মসূচী হতে গঠিত কৃষক বিপণন দল/কৃষক দল এর তথ্য পাওয়া যায়নি তাদেরকে সংশ্লিষ্ট তথ্য দ্রুত সময়ের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৪.৯ | সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিত আকারে নভেম্বর/১৬-এর ২য় সপ্তাহের মধ্যে মহাপরিচালক বরাবর পেশ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৪.১০ | আঞ্চলিক ট্রেনিং সেন্টার এর মেশিনারী গুলো চালু এবং ব্যবহার বিষয়ে একটি খসড়া নীতিমালা প্রনয়ণপূর্বক দ্রুততম সময়ের মধ্যে সদর দপ্তরে দাখিল করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সহকারী পরিচালক (প্রশাঃ) |
| ৪.১১ | সরকারী নির্দেশনা অনুযায়ী ই-ফাইলিং চালু করার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি দ্রুত সময়ের মধ্যে ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাহবুব আহমেদ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।